দৈনিক বাংলা

তারিখ 02 DEC 1988
পৃষ্ঠা ২ ... কলাম ৮

# শিক্ষামন্ত্রীর সঙ্গে ভিসি'র বৈঠক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিয়ে শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আব্দুল মান্নান ও প্রক্টর ডঃ আমিনুর রহমান অজ শিক্ষা (শেষ পৃঃ ৪ এর কঃ দ্রঃ)

## বৈঠক

(প্রথম পৃঃ পর)

মন্ত্রী শেখ শহীদুল ইসলামের সঙ্গে তাঁর বাসভবনে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে ভাইস চ্যান্সেলর কি পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ ও পরীক্ষা স্থগিত করা হয়েছে তা সরকারের অবগতির জন্য শিক্ষামন্ত্রীর কাছে ব্যাখ্যা করেন এবং সিন্ডিকেটের ৩০শে নবেম্বরের জরুরী সভার সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করেন। সিন্ডিকেটের সভার ৬ নং প্রস্তাবের কথা উল্লেখ করে তিনি বলেন এই পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের হলসমূহ এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সর্বত্র কড়া পুলিশ প্রহরা ব্যবস্থা জোরদার করা এবং সকলের নিরাপত্তা বিধানের জন্য সরকারের সহযোগিতা প্রয়োজন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আরিফ আহমেদ নিহত হওয়ায় গভীর শোক প্রকাশ করেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন আরিফ আহমেদের মত একজন প্রতিভাবান ছাত্রের হত্যাকান্ডের শোক সহ্য করা তার পরিবারের জন্য অত্যন্ত কষ্টকর।

মন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন সরকার বিশ্ববিদ্যালয় চত্বরে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তা অতীতেও প্রদান করেছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে।

শিক্ষামন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার স্বার্থে স্থায়ী নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিন্ডিকেটকে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নের আহবান জানান।

তিনি বলেন বিশ্ববিদ্যালয়ের ঘটনাবলী নিয়ে দেশের রাজনৈতিক দলসমূহ ও ছাত্র সংগঠনসমূহের নতুন করে চিন্তা ভাবনা করা উচিৎ কারণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই সকল ঘটনাবলী ক্যাম্পাসের বাইরের ঘটনাবলীরই প্রতিফলন।